

ইকফাই বিশ্ববিদ্যালয়, ত্রিপুরা  
কামালঘাট, মোহনপুর, পশ্চিম ত্রিপুরা-৭৯৯২১০

সেহা নং-আইইউ-ত্রিপুরা/ ১ (৮)/২০১৫-১৬/ডি-৯০৩

তারিখঃ ২ ফেব্রুয়ারী ২০১৬ ইং

প্রজাতন্ত্র দিবসে  
প্রধানমন্ত্রীর অতিথি  
ইকফাই-র ছাত্রদ্বয়

আগরতলা, ২ ফেব্রুয়ারী :

ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরার দুই ছাত্রের ধারাবাহিক শিক্ষাগত উৎকর্ষতার স্বীকৃতি দিল কেন্দ্রীয় সরকারের মানব সম্পদ উন্নয়ন মন্ত্রক। সারা দেশ থেকে বাছাই করা বেশকিছু মেধাবী ছাত্র ছাত্রীকে ৬৭তম প্রজাতন্ত্র দিবস উদযাপন অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর অতিথিরূপে কুচকাওয়াজ পরিদর্শনের জন্য আমন্ত্রণ জানানো হয়।

আমন্ত্রিতদের মধ্যে দু'জন রাজ্যের প্রখ্যাত বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান ইকফাই বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের মেধাবী ছাত্র। এদের নাম শুভজিত দাস ও মৃগাল দেবর্মা। ২০১৪-১৫ শিক্ষাবর্ষে প্রতিটি সেমিষ্টারে ভাল ফলাফল করার জন্য এই দু'জনকে প্রধানমন্ত্রীর অতিথিরূপে দিল্লীতে আমন্ত্রণ জানানো হয়।

মানব সম্পদ উন্নয়ন মন্ত্রকের আমন্ত্রণ পেয়ে বিশ্ববিদ্যালয়ের দুই ছাত্র ২৫ জানুয়ারী নয়াদিল্লী গিয়ে পৌঁছয়। এদের জনপথ হোটেলের রাখা হয়। প্রজাতন্ত্র দিবসের মূল অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর অতিথিদের জন্য নির্ধারিত আসনে বসে ছাত্রদ্বয় পুরো কুচকাওয়াজ পর্যবেক্ষণ করে।

অনুষ্ঠানশেষে সেদিনই শুভজিত দাস ও মৃগাল দেবর্মার হাতে মানব সম্পদ উন্নয়ন মন্ত্রকের যুগ্ম সচিব সাক্ষরিত শংসাপত্র তুলে দেওয়া হয়। ছাত্রদ্বয়ের ভ্রমণ ও থাকা খাওয়ার পুরো ব্যয়ভার বহন করেছে কেন্দ্রীয় সরকার। মেধাবী ছাত্রদের প্রজাতন্ত্র দিবস উদযাপনের মত বড় অনুষ্ঠানে আমন্ত্রণ জানানোয় মানব সম্পদ উন্নয়ন মন্ত্রককে বিশেষভাবে অভিনন্দন জানিয়েছেন ইকফাই বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য অধ্যাপক বিপ্লব হালদার।

প্রেস বিবৃতি